দৈনিক
ইনকিলাব

তারিখ 3 FEB 2003
পৃ. 1 কলাম 8

এসএসসি ও এইচএসসি পরীক্ষায়

## নকল করলে বহিষ্কারসহ গ্রেফতার করে জেল-জরিমানা

স্টাফ রিপোর্টার ঃ এবারের এসএসসি, এইচএসসি ও দাখিল-আলীম পরীক্ষায় কেউ নকল করলে তাকে বহিষ্কারের পাশাপাশি গ্রেফতার করে জেল-জরিমানার ব্যবস্থা করা হবে। নকল দমনে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট শিক্ষক-পরিদর্শকদেরও কঠোর শাস্তি দেয়া হবে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলনের সভাপতিত্বে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি এবং নকল প্রতিরোধ সংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় সকল বোর্ডের চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

**এসএসসি পরীক্ষা** প্রথম পৃষ্ঠার পর

অধিদপ্তরের মহাপরিচালক, শিক্ষক নেতৃবৃন্দ এবং শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।